গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (১ম সংশোধিত)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
Website: www.natp2dae.gov.bd

"কৃষিই সমৃদ্ধি"

নং-১২.০১.০০০০.০৪০.৩৬.১৬২.১৮-২০৭

তারিখ: ১০.০৩.২০২২ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১-২২ অর্থ বছরে এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ (এআইএফ-২)ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাব (৭ম) আহ্বান।**

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/অধিদপ্তর | কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)। |
| ২ | বাস্তবায়নকারী | প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পিআইইউ, এনএটিপি-২, ডিএই), ১ম বিল্ডিং, ৬ষ্ঠ তলা, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। |
| ৩ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট পরিচিতি | কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বাজার প্রবেশাধিকার সহজীকরণ/উন্নয়নের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় গৃহীত একটি প্রকল্প-**"এনএটিপি-২"**। এ প্রকল্পে আওতাধীন সকল মাঠ কার্যক্রমের মূল চালিকাশক্তি হলো ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের (৮০%) সমন্বয়ে গঠিত "কমন ইন্টারেস্ট গ্রুপ (সিআইজি)"। প্রকল্পে যোগ্যতাসম্পন্ন সিআইজিসমূহেকে প্রণোদনা হিসেবে সরাসরি সহায়তা প্রদানের নিমিত্ত একটি অফেরৎযোগ্য ও অংশগ্রহণমূলক তহবিলের সংস্থান রাখা হয়েছে, এ তহবিলটিই- **এআইএফ-২**। |
| ৪ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উদ্দেশ্য | • সিআইজি-সমূহের সক্ষমতা, দক্ষতা ও কর্মক্ষমতা উন্নয়ন এবং প্রযুক্তি বিস্তার কার্যক্রম শক্তিশালীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা।<br>• সম্পদ সৃষ্টি ও গঠনের মাধ্যমে সিআইজি-সমূহের স্থায়িত্বশীলতা অর্জন।<br>• বাজার সুবিধার সাথে সুদৃঢ় সংযোগ সাধনের ক্ষেত্রে সিআইজি ও প্রডিউসার অর্গানাইজেশন (পিও) সমূহকে উৎসাহিত করা। |
| ৫ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট কর্ম এলাকা | প্রকল্পভুক্ত ৫৭টি জেলার ২৭০টি উপজেলাস্থ যোগ্যতাসম্পন্ন সিআইজিসমূহ। |
| ৬ | গ্রান্ট গ্রহণেচ্ছু সিআইজি'র যোগ্যতার মানদন্ড/মাপকাঠি | • ব্যালেন্স স্কোর কার্ড (বিএসসি) মূল্যায়নে সিআইজিসমূহকে "এ" বা "বি" গ্রেড প্রাপ্ত হতে হবে।<br>• নিয়মিত সঞ্চয় কার্যক্রম ও ব্যাংক একাউন্ট পরিচালনাসহ অন্যান্য কার্যক্রমে সিআইজি-সমূহকে উত্তম মানসম্পন্ন ও উৎসাহী হতে হবে। |
| ৭ | এআইএফ-২ উপপ্রকল্পে ম্যাচিং গ্রান্টের পরিমাণ | • মোট উপ-প্রকল্প ব্যয়ের ৭০% হিসাবে সর্বোচ্চ ৩ লক্ষ ৮৭ হাজার টাকা; এবং উপ-প্রকল্প ব্যয়ের অবশিষ্ট ৩০% অর্থ সিআইজি'র নিজস্ব সঞ্চয়, কোন সিআইজি ৩০% এর অধিক অর্থ ব্যয়ে সক্ষম হলেও ম্যাচিং গ্রান্টের পরিমাণ সর্বোচ্চ ৩ লক্ষ ৮৭ হাজার টাকা অতিক্রম করবে না। |
| ৮ | প্রযোজ্য শর্তাবলী | • কেবল যোগ্যতাসম্পন্ন সিআইজিসমূহ এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট /অনুদান প্রাপ্তির আওতায় আসবে, সিআইজির'র কোন একক সদস্য নহেন।<br>• মোট উপ-প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৩০% অর্থ সিআইজি'র ব্যাংক একাউন্টে সঞ্চয় হিসেবে থাকতে হবে।<br>• সিআইজি'র ব্যাংক একাউন্টে সঞ্চয়কৃত অর্থের পরিপূরক/অংশ হিসেবেই কেবল গ্রান্ট মঞ্জুর করা হবে।<br>• এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের জন্য মহিলা সিআইজিসমূহকে বিশেষভাবে বিবেচনা করা হবে।<br>• দীর্ঘ সময় ব্যাপী অধিক উৎপাদন ও আয় বর্ধনমূলক কার্যক্রমের মাধ্যমে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থায় সক্ষম-এমন উপ-প্রকল্পসমূহ গ্রান্ট/অনুদানের জন্য বিবেচনা করা হবে।<br>• কোন একটি সিআইজি প্রকল্প মেয়াদে একবারই এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের জন্য বিবেচনা করা হবে।<br>• প্রতিযোগিতামূলক যাচাই, বাছাই ও মূল্যায়নের মাধ্যমে কেবল অনুমোদিত উপ-প্রকল্পসমূহকে ম্যাচিং গ্রান্ট/অনুদান সহায়তা দেয়া হবে।<br>• অপারেটেটিং, রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য পৌনঃপুনিক ব্যয় (recurrent cost) ম্যাচিং গ্রান্ট হতে প্রদান করা হবে না।<br>• গ্রান্ট/অনুদানের জন্য নির্বাচিত সিআইজিসমূহকে প্রকল্প আরোপিত শর্তাবলির আলোকে অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।<br>• যে সকল উপ-প্রকল্প প্রস্তাব সামাজিক ও পরিবেশ সুরক্ষায় নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে সে সকল প্রস্তাবনার অনুকূলে এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট মঞ্জুর করা হবে না।<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন : প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ডিএই এর কর্মকর্তাবৃন্দ, ফার্ম ও কমিশন কর্তৃক উপ-প্রকল্পের কার্যাদি নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে। |

| | | |
|---|---|---|
| ৯ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট অর্থায়নের সম্ভাব্য ক্ষেত্রসমূহ | নবপ্রবর্তিত প্রযুক্তি বাণিজ্যিকীকরণ/খামার যান্ত্রিকীকরণ/ফসল সংগ্রহোত্তর প্রযুক্তি/কৃষিজ ব্যবসা উন্নয়ন/ইত্যাদি (বিস্তারিত সংযুক্ত)। |
| ১০ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রস্তাব প্রণয়ন ও দাখিল | • যোগ্যতাসম্পন্ন সিআইজি কর্তৃক প্রকল্প নির্ধারিত ছকে এআইএফ-২ উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।<br>• প্রস্তাবনার সমর্থনে সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রসহ প্রণীত উপ-প্রকল্প প্রস্তাবটি অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত সর্বশেষ সময়সীমার মধ্যে স্থানীয় উপজেলা কৃষি অফিসে দাখিল করতে হবে। |
| ১১ | **উপ-প্রকল্প প্রণয়ন ছক/উদ্যোক্তার যোগ্যতার মান নির্ণায়ক/ গাডলাইন/অন্যান্য প্রাপ্তিস্থান** | সংশ্লিষ্ট এসএএও এর নিকট হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া **স্থানীয় উপজেলা কৃষি অফিস/ফিয়াক** থেকেও সংগ্রহ করা যেতে পারে। |
| ১২ | এআইএফ-২ উপ-প্রকল্প দাখিলের সময়সীমা | সিআইজি কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে উপ-প্রকল্প দাখিলের সর্বশেষ তারিখ: ২৫.০৪.২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১৩ | প্রকল্প দপ্তরে উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ | উপজেলা কৃষি অফিস কর্তৃক **পিআইইউ, এনএটিপি-২, ডিএই, খামারবাড়ি,** ঢাকায় **সিআইজি** কর্তৃক দাখিলকৃত উপ-প্রস্তাব প্রেরণের সর্বশেষ তারিখ: ০৫.০৫.২০২২ খ্রি.। |

**এতদ্ বিষয়ক বিস্তারিত তথ্যাদি স্থানীয় উপজেলা কৃষি অফিস হতে জানা/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি: বিজ্ঞপ্তির ক্রমিক নং ০৯ এর বর্ণনামতে ১ (এক) পাতা।

২৫. ১০/৩/২২

**(আজহারুল ইসলাম সিদ্দিকী)**
**পরিচালক**
**মোবাইল: ০১৭১৮৯৬৫১৪৯**
**ইমেইল: directordaenatp2@gmail.com**

**কার্যার্থে:**
উপজেলা কৃষি অফিসার, .......................................... উপজেলা (২৭০), .................................. জেলা।

সংশ্লিষ্ট বিষয়ে বহুল প্রচারণাসহ কার্যক্রম ব্যবস্থা গ্রহণ, এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে এসএএওদেরকে উদ্যোগী ভূমিকা পালনের নির্দেশনা প্রদান এবং সিআইজি দাখিলকৃত উপপ্রকল্প প্রস্তাবনাসমূহ প্রকল্প নির্ধারিত ছকে যথাযথভাবে যাচাইপূর্বক (প্রস্তাবনা দাখিলের ১০ দিনের মধ্যে) সংশ্লিষ্ট সকল সাপোটিং ডকুমেন্টসহ আগামী ০৫.০৫.২০২২ খ্রি. তারিখের মধ্যে অত্র প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................................................অঞ্চল (১৪)।
৮. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................................................জেলা (৫৭)।
৯. উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (ডিএই এর ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত)।
১০. এডি/ডিডি (ওএমই)/এডিডি (এফএমপি), পিআইইউ, এনএটিপি-২ (১ম সংশোধিত), ডিএই, খামারবাড়ি, ঢাকা (৬)।
১১. সহকারী আইসিটি বিশেষজ্ঞ, পিআইইউ, এনএটিপি-২, ডিএই, খামারবাড়ি, ঢাকা (এনএটিপি-২, ডিএই এর ওয়েব সাইটে প্রচারের নিমিত্ত)।
১২. অফিস কপি।

সারণী -১: এআইএফ-২ এর আওতায় গ্রান্ট প্রদানের সম্ভাব্য ক্ষেত্রসমূহ (Scope of funding areas under AIF-2)

| # | Technological areas* | Production sub-sectors: Crops |
|---|---|---|
| ১ | Commercialization of innovative technologies (নব প্রবর্তিত প্রযুক্তি বাণিজ্যিকীকরণ) | • construction of drying floor for rice/aromatic rice/other commodities (ধান/সুগন্ধী ধান/অন্যান্য পণ্যাদি শুকানোর জন্য পাকা মেঝে নির্মাণ)<br>• Net house establishment for summer tomato and quality seedling raising for high value crops (গ্রীষ্মকালীন টমেটো এবং উচ্চমূল্য ফসলের গুণগতমানসম্পন্ন চারা উৎপাদনের জন্য নেট-হাউস স্থাপন)<br>• Construction of sorting grading house/facilities (কৃষি পণ্যাদি বাছাই ও গ্রেডিং এর জন্য ঘর নির্মাণ/সুযোগ-সুবিধা সৃষ্টি)<br>• Commercial honey culture/apiculture (honey culture box) [বাণিজ্যিকভাবে মধু উৎপাদন/মৌমাছি চাষ (মৌমাছি চাষের বাক্স)]<br>• Storage facilities (পণ্যাদি সংরক্ষণের সুযোগ-সুবিধা)<br>• Establishment of banana ripening house (কলা পাকানোর জন্য ঘর নির্মাণ) |
| ২ | Field level mechanization (খামার যান্ত্রিকীকরণ) | • Tillage equipment (কর্ষণ যন্ত্রপাতি)<br>• Transplanter (রোপণ যন্ত্র)<br>• Reaper (কর্তন যন্ত্র)<br>• Thresher machine for post harvest loss minimization (ফসল সংগ্রহোত্তর ক্ষতি কমানোর জন্য মাড়াই যন্ত্র)<br>• Weed control equipment (আগাছা নিয়ন্ত্রণ যন্ত্র)<br>• Establishment of irrigation facilities (buried pipe, sprinkler irrigation, LLP, fogging machine) [সেচ সুবিধা সৃষ্টি (ভূ-গর্ভস্থ সেচ পাইপ, স্প্রিংকলার পদ্ধতিতে সেচ, এলএলপি, ফগিং মেসিন)]<br>• Fertilizer applicator (সার প্রয়োগ যন্ত্র)<br>• Oil expeller by CIGs (সিআইজি ব্যবহার্য তেল নিষ্কর্ষণ যন্ত্র)<br>• Dryer (শুকানোর যন্ত্র)<br>• Sprayer (সিঞ্চন যন্ত্র) |
| ৩ | Post harvest technology (ফসল সংগ্রহোত্তর প্রযুক্তি) | • Seed processing and grading machine (বীজ প্রক্রিয়াকরণ ও গ্রেডিং যন্ত্র)<br>• Seed processing and preservation (বীজ প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ)<br>• Storage facilities development (সংরক্ষণ সুবিধাদি উন্নয়ন)<br>• Packaging (প্যাকেজিং/মোড়কীকরণ) |
| ৪ | Agribusinesses development (কৃষিজ ব্যবসা উন্নয়ন) | • Vegetable chopping machine (সব্জি টুকরো করে কাটার যন্ত্র)<br>• Wrapping machine (মোড়ানো যন্ত্র)<br>• Juice extraction machine (জুস/ফলের রস নিষ্কর্ষণ যন্ত্র)<br>• Solar dryer (সৌর ড্রায়ার)<br>• Hot water treatment plant machineries (গরম পানি পরিচর্চা প্লান্ট)<br>• Van/vehicle (পণ্যবাহী গাড়ি) |

*CIG should propose/include that equipment whose spare parts are readily available.
(যে সকল সরঞ্জাম/যন্ত্রপাতি/মেশিনারিজের খুচরা যন্ত্রাংশ সহজ লভ্য, সিআইজিকে সে সকল সরঞ্জাম/যন্ত্রপাতি/মেশিনারিজের প্রস্তাব/অন্তর্ভুক্ত করতে হবে।)